"عن عبد الله بن عباس قال: كُنْتُ أُقْرِئُ رِجَالًا مِنَ الْمُهَاجِرِينَ مِنْهُمْ عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَوْفٍ فَبَيْنَمَا أَنَا فِي مَنْزِلِهِ بِمِنًى وَهُوَ عِنْدَ عُمَرَ بْنِ الْخَطَّابِ فِي آخِرِ حَجَّةٍ حَجَّهَا إِذْ رَجَعَ إِلَيَّ عَبْدُ الرَّحْمَنِ فَقَالَ لَوْ رَأَيْتَ رَجُلًا أَتَى أَمِيرَ الْمُؤْمِنِينَ الْيَوْمَ فَقَالَ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ هَلْ لَكَ فِي فُلَانٍ يَقُولُ لَوْ قَدْ مَاتَ عُمَرُ لَقَدْ بَايَعْتُ فُلَانًا فَوَاللَّهِ مَا كَانَتْ بَيْعَةُ أَبِي بَكْرٍ إِلَّا فَلْتَةً فَتَمَّتْ فَغَضِبَ عُمَرُ ثُمَّ قَالَ إِنِّي إِنْ شَاءَ اللَّهُ لَقَائِمٌ الْعَشِيَّةَ فِي النَّاسِ فَمُحَذِّرُهُمْ هَؤُلَاءِ الَّذِينَ يُرِيدُونَ أَنْ يَغْصِبُوهُمْ أُمُورَهُمْ قَالَ عَبْدُ الرَّحْمَنِ فَقُلْتُ يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ لَا تَفْعَلْ فَإِنَّ الْمَوْسِمَ يَجْمَعُ رَعَاعَ النَّاسِ وَغَوْغَاءَهُمْ فَإِنَّهُمْ هُمْ الَّذِينَ يَغْلِبُونَ عَلَى قُرْبِكَ حِينَ تَقُومُ فِي النَّاسِ وَأَنَا أَخْشَى أَنْ تَقُومَ فَتَقُولَ مَقَالَةً يُطَيِّرُهَا عَنْكَ كُلُّ مُطَيِّرٍ وَأَنْ لَا يَعُوهَا وَأَنْ لَا يَضَعُوهَا عَلَى مَوَاضِعِهَا فَأَمْهِلْ حَتَّى تَقْدَمَ الْمَدِينَةَ فَإِنَّهَا دَارُ الْهِجْرَةِ وَالسُّنَّةِ فَتَخْلُصَ بِأَهْلِ الْفِقْهِ وَأَشْرَافِ النَّاسِ فَتَقُولَ مَا قُلْتَ

---

[১৬] সহীহ বুখারী: ৬৩২৮

[১৭] মুসান্নাফে আব্দুর রাজ্জাক: ৫/৯৭৫৮

مُتَمَكِّنًا فَيَعِي أَهْلُ الْعِلْمِ مَقَالَتَكَ وَيَضَعُونَهَا عَلَى مَوَاضِعِهَا فَقَالَ عُمَرُ أَمَا وَاللَّهِ إِنْ شَاءَ اللَّهُ لَأَقُومَنَّ بِذَلِكَ أَوَّلَ مَقَامٍ أَقُومُهُ بِالْمَدِينَةِ"

إلى أن قال رضي الله عنه:

"فَجَلَسَ عُمَرُ عَلَى الْمِنْبَرِ فَلَمَّا سَكَتَ الْمُؤَذِّنُونَ قَامَ فَأَثْنَى عَلَى اللَّهِ بِمَا هُوَ أَهْلُهُ ثُمَّ قَالَ أَمَّا بَعْدُ فَإِنِّي قَائِلٌ لَكُمْ مَقَالَةً قَدْ قُدِّرَ لِي أَنْ أَقُولَهَا لَا أَدْرِي لَعَلَّهَا بَيْنَ يَدَيْ أَجَلِي فَمَنْ عَقَلَهَا وَوَعَاهَا فَلْيُحَدِّثْ بِهَا حَيْثُ انْتَهَتْ بِهِ رَاحِلَتُهُ وَمَنْ خَشِيَ أَنْ لَا يَعْقِلَهَا فَلَا أُحِلُّ لِأَحَدٍ أَنْ يَكْذِبَ عَلَيَّ"

إلى أن قال رضي الله عنه:

"ثُمَّ إِنَّهُ بَلَغَنِي أَنَّ قَائِلًا مِنْكُمْ يَقُولُ وَاللَّهِ لَوْ قَدْ مَاتَ عُمَرُ بَايَعْتُ فُلَانًا فَلَا يَغْتَرَّنَّ امْرُؤٌ أَنْ يَقُولَ إِنَّمَا كَانَتْ بَيْعَةُ أَبِي بَكْرٍ فَلْتَةً وَتَمَّتْ أَلَا وَإِنَّهَا قَدْ كَانَتْ كَذَلِكَ وَلَكِنَّ اللَّهَ وَقَى شَرَّهَا وَلَيْسَ مِنْكُمْ مَنْ تُقْطَعُ الْأَعْنَاقُ إِلَيْهِ مِثْلُ أَبِي بَكْرٍ مَنْ بَايَعَ رَجُلًا عَنْ غَيْرِ مَشُورَةٍ مِنَ الْمُسْلِمِينَ فَلَا يُبَايَعُ هُوَ وَلَا الَّذِي بَايَعَهُ تَغِرَّةً أَنْ يُقْتَلَا"

إلى أن قال رضي الله عنه:

"فَكَثُرَ اللَّغَطُ وَارْتَفَعَتِ الْأَصْوَاتُ حَتَّى فَرِقْتُ مِنَ الِاخْتِلَافِ فَقُلْتُ ابْسُطْ يَدَكَ يَا أَبَا بَكْرٍ فَبَسَطَ يَدَهُ فَبَايَعْتُهُ وَبَايَعَهُ الْمُهَاجِرُونَ ثُمَّ بَايَعَتْهُ الْأَنْصَارُ"

'আব্দুল্লাহ ইবনে আব্বাস রাযি. থেকে বর্ণিত, তিনি বলেন, আমি অনেক মুহাজিরদের কেরাত পড়াতাম তাদের মধ্যে আব্দুর রহমান ইবনে আউফ রাযি.ও ছিলেন। আমি তখন মিনায় তাঁর বাড়িতে ছিলাম আর তিনি ওমর ইবনুল খাত্তাব রাযি. এর সাথে ছিলেন। এটা ছিল ওমর রাযি. এর জীবনের শেষ হজ্ব। আব্দুর রহমান আমার নিকট ফিরে এসে বললেন, 'তুমি যদি ঐ লোকটিকে দেখতে পেতে যে আজ আমীরুল মুমিনীনের নিকট এসেছিল। সে তাঁর নিকট এসে বলল, হে আমীরুল মুমিনীন! আপনি ওমুক লোকের ব্যাপারে কী বলেন? যে বলে 'ওমর ইন্তেকাল করলে আমি অমুককে বায়আত দিব। আল্লাহর কসম আবু বকর রাযি. এর বায়আত তো ছিল একটি আকস্মিত ঘটনা মাত্র আর এটা পূর্ণ হয়েছে।' হযরত ওমর রাযি. তখন ক্রুদ্ধ হয়ে বললেন, 'ইনশাআল্লাহ আজ সন্ধ্যায় আমি মানুষকে ঐ সকল লোকের ব্যাপারে সতর্ক করবো যারা মানুষের অধিকার কেড়ে নিতে চায়। আব্দুর রহমান রাযি. বলেন, তখন আমি তাঁকে বললাম, হে আমীরুল মুমিনীন! আপনি দয়া করে এমনটি করবেন না। কারণ এই মৌসুমে অনেক সাধারণ লোক এবং উশৃঙ্খল লোক একত্র হয়েছে। নিশ্চয় আপনি যখন খুতবা দিতে দাঁড়াবেন তখন তারাই আপনার আশ-পাশে থাকবে। আর আমার ভয় হয়

যে, প্রত্যেকেই আপনার কথা না বুঝে নিজ নিজ এলাকায় ফিরে যাবে এবং সেটাকে ভুলভাবে উপস্থাপন করবে।

সুতরাং আপনি মদীনায় ফেরা পর্যন্ত অপেক্ষা করুন। নিশ্চয় মদীনা দারুল হিজরত এবং সেখানে আছে অনেক ফকীহ এবং সুধী মানুষ। আপনি নিশ্চিন্তে যা ইচ্ছে তাই বলতে পারবেন। কারণ, আহলে ইলমগণ আপনার কথা বুঝতে পারবে এবং তারা তা যথাযথ ব্যাখ্যাই করবে। অতঃপর ওমর রাযি. বললেন, আল্লাহর কসম! ইনশাআল্লাহ আমি মদীনায় ফিরে সর্বপ্রথম যে খুতবাটি দিব তা এই খুতবাই হবে।

ইবনে আব্বাস রাযি. বলেন, অতঃপর (মদীনায় ফিরে আসার পর) ওমর রাযি. মিম্বরে উপবেশন করলেন এবং যখন মুয়াজ্জিন আজান শেষ করলেন তখন তিনি দাঁড়ালেন এবং আল্লাহ তাআলার প্রশংসা করার পর বললেন, 'আজ আমি আপনাদেরকে এমন একটি কথা বলবো যা বলা আমার দায়িত্ব। মনে হচ্ছে আমার মৃত্যু সমাগত! সুতরাং যে ব্যক্তি আমার কথা ভালভাবে বুঝতে পারবে সে যেন তা তার সাধ্যমত মানুষের কাছে পৌঁছে দেয়। আর যে বক্তব্য যথযথ বুঝতে পারবে না তাহলে আমি এমন কাউকে আমার নামে মিথ্যা প্রচারের অনুমতি দেই না।

ইবনে আব্বাস রাযি. বলেন, অতঃপর তিনি বললেন, 'আমার নিকট এ সংবাদ এসেছে যে, তোমাদের মধ্য থেকে এক লোক এমনটি বলেছেন, 'আল্লাহর কসম ওমরের ইন্তেকালের পর আমি অমুককে বায়আত দেব। কেউ যেন এর দ্বারা ধোকায় না পড়ে যে, 'আবু বকর রাযি. এর বায়আত ছিল আকস্মিক বায়আত। আর তা শেষ হয়েছে'। হ্যাঁ এটা এমনই ছিল; কিন্তু আল্লাহ তাআলা একে মন্দ থেকে হেফাজত করেছেন। আর তোমাদের মধ্যে তো আবু বকর রাযি. এর মত জনপ্রিয় কেউ নেই। যে ব্যক্তি মুসলমানদের পরামর্শ ছাড়া করো হতে বায়আত হল, তাদের কারো (বায়আত দাতা ও গ্রহীতা) বায়আত কার্যকরন হবে না। কারণ, তাদের উভয়েই হত্যাযোগ্য অপরাধ করেছে।

তখন অনেক শোরগোল শুরু হয়ে গিয়েছিল। আমার ভয় হচ্ছিল—না জানি বিশৃঙ্খলা বেধে যায়। তাই আমি বললাম, হে আবু বকর আপনার হাত প্রসারিত করুন। অতঃপর তিনি তার হাত প্রসারিত করলেন আর আমি তাঁর কাছে বায়আত গ্রহণ করলাম অতঃপর মুহাজিরগণ বায়আত গ্রহণ করলেন তারপর আনসারগণ বায়আত গ্রহণ করলেন।'[১৮]

মুসান্নাফে ইবনে আবী শায়বার মধ্যে এসেছে,

"إني قد عرفت، أن أناساً يقولون: إن خلافة أبي بكر فلتةٌ، وإنما كانت فلتةً، ولكن الله وقى شرها، إنه لا خلافة إلا عن مشورة".

---

[১৮] সহীস বুখারী: ৬৩২৮

'আমি জানতে পেরেছি কিছু মানুষ বলাবলি করে, 'আবু বকরের বায়আত ছিল আকস্মিক ঘটনা'। হ্যাঁ এটা আকস্মিকই ছিল। কিন্তু আল্লাহ এর মন্দ থেকে রক্ষা করেছেন। জেনে রেখো, মশওয়ারা ব্যতীত কোন খিলাফাহ নেই।

মুসনাদে আহমদে এসেছে,

"فَمَنْ بَايَعَ أَمِيرًا عَنْ غَيْرِ مَشُورَةِ الْمُسْلِمِينَ فَلَا بَيْعَةَ لَهُ وَلَا بَيْعَةَ لِلَّذِي بَايَعَهُ تَغِرَّةً أَنْ يُقْتَلَا".

'যে ব্যক্তি মুসলমানদের পরামর্শ ব্যতীত কোন আমীরের বায়আত দিল। তাহলে বায়আত দাতা ও গ্রহীতা কারো বায়আত কার্যকর হবে না। কারণ, এরা উভয়েই হত্যাযোগ্য কাজ করেছে।'[১৯]

আশা করি আপনারা ওমর রাযি. এর এই খুতবা নিয়ে একটু চিন্তা-ভাবনা করবেন। তাঁর খুতবাটি ছিল উম্মাহর নেতৃবর্গ, মদীনার অনেক ফকীহ, চিন্তাবিদ আলেমদের সামনে। যেমনটি আব্দুর রহমান ইবনে আউফ রাযি. ওমর রযি. কে সতর্ক করেছিলেন। আর ওমর রাযি. মুসলমানদেরকে এর গুরুত্ব সম্পর্কে সতর্ক করেছেন এবং আকলমন্দ ও বোদ্ধাদের অনুযায়ী এটা পৌঁছে দিতে বলেছেন। এটা অনেক বড় ও গুরুত্বপূর্ণ একটি ঘটনা যা বহু সাহাবায়ে কেরামদের উপস্থিতিতে সংঘটিত হয়েছে। যারা ছিলেন মুসলিম উম্মাহর সর্বজনশ্রদ্ধেয় ইমাম, আলেম ও চিন্তানায়ক। তাদের কেউই এ ব্যাপারে মতানৈক্য করেননি। এটা সাহাবায়ে কেরামের ইজমার মতই। কারণ, এতে কেউই ভিন্নমত পোষণ করেননি।

ওমর রাযি. এই গুরুত্বপূর্ণ খুতবাটি দিয়ে ছিলেন কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়কে সামনে রেখে।

১. যে ব্যক্তি মুসলমানদের পরামর্শ ব্যতীত বায়আত নিবে সে মুসলমানদের হক ছিনতাই করল।

২. যে ব্যক্তি এমনটি করবে তার ব্যাপারে উম্মাহকে সর্তক থাকতে হবে।

৩. তাদের বায়আত দেওয়া এবং নেওয়া কোনটিই সঠিক নয়।

৪. তার নির্দেশের অনুসরণ করা কারো জন্য জরুরী না।

৫. আবু বকর রাযি. এর বায়আত ছিল আনসার ও মুহাজিরদের সর্ব সম্মতিক্রমে।

৬. বায়আত সংঘটিত হবে উম্মাহর সর্বজনশ্রদ্ধেয় ইমাম, আলেম ও চিন্তানয়কদের ঐক্য মতের ভিত্তিতে। নাম পরিচয়হীন কিছু মূর্খ ও অপরিচিতদের মাধ্যমে নয়। আর সাহাবায়ে কেরামদের মধ্যে সর্বজনশ্রদ্ধেয় ইমাম, আলেমগণ তখন মদীনাতেই ছিলেন।

---

[১৯] মুসনাদে আহমদ: ৩৯১

মুসান্নাফে আব্দুর রাজ্জাকে আরো এসেছে, ওমর রাযি. বলেন- الإمارة شورى ইমারা মজলিসে শুরার মাধ্যমে গঠিত হয়।
ইমাম বায়হাকী রহ. সুনানে কুবরাতে উল্লেখ করেছেন, ওমর ইবনে খাত্তাব রাযি. মৃত্যুর পূর্বে সাহাবায়ে কেরাম রাযি. দের উদ্দেশ্যে করে বলেন,

"فَقَالَ عُمَرُ أَمْهِلُوا فَإِنْ حَدَثَ بِي حَدَثٌ فَلْيُصَلِّ لِلنَّاسِ صُهَيْبٌ مَوْلَى بَنِي جُدْعَانَ ثَلَاثَ لَيَالٍ ثُمَّ اجْمَعُوا فِي الْيَوْمِ الثَّالِثِ أَشْرَافَ النَّاسِ وَأُمَرَاءَ الْأَجْنَادِ فَأَمِّرُوا أَحَدَكُمْ فَمَنْ تَأَمَّرَ عَنْ غَيْرِ مَشُورَةٍ فَاضْرِبُوا عُنُقَهُ".

'যদি আমার কিছু হয়ে যায় তাহলে তোমরা তাড়াহুড়া করো না। বনী জাদআনের গোলাম সুহাইব তিন দিন ইমামতি করবে। অতঃপর তৃতীয় দিনে শ্রদ্ধাভাজন আলেম, সুধী জনতা ও সেনাপতিরা মিলে তোমাদের একজনকে আমীর নির্ধারণ করবে। আর পরামর্শ ব্যতীত যে আমীর হবে তার গর্দান উড়িয়ে দিবে ।'[২০]

বুখারী শরীফে এসেছে, উসমান রাযি. এর বায়আতের সময় আব্দুর রহমান ইবনে আউফ রাযি. আলী রাযি. কে বললেন,

"أَمَّا بَعْدُ يَا عَلِيُّ إِنِّي قَدْ نَظَرْتُ فِي أَمْرِ النَّاسِ فَلَمْ أَرَهُمْ يَعْدِلُونَ بِعُثْمَانَ فَلَا تَجْعَلَنَّ عَلَى نَفْسِكَ سَبِيلًا فَقَالَ أُبَايِعُكَ عَلَى سُنَّةِ اللَّهِ وَرَسُولِهِ وَالْخَلِيفَتَيْنِ مِنْ بَعْدِهِ فَبَايَعَهُ عَبْدُ الرَّحْمَنِ وَبَايَعَهُ النَّاسُ الْمُهَاجِرُونَ وَالْأَنْصَارُ وَأُمَرَاءُ الْأَجْنَادِ وَالْمُسْلِمُونَ".

'হে আলী! আমি মানুষের মতিগতি লক্ষ করেছি অতঃপর আমার কাছে উসমানের সমকক্ষ আর কাউকে মনে হয়নি। সুতরাং তুমি কিছু মনে করো না। তখন হযরতআলী রাযি, বললেন, আমি তার হাতে বায়আত দিচ্ছি আল্লাহ তাঁর রাসূলের বিধান মেনে এবং পূর্বের দুই খলীফার পদাঙ্ক অনুসরণ করে। এর পর আব্দুর রমান এবং মুহাজির আনসার ও সেনাপতিগণসহ সর্বসাধারণ সবাই উসমান রাযি. এর হাতে বায়আত দেন।'[২১]

এই হাদীসে আমরা অনেক গুরুত্বপূর্ণ একটা তথ্য পেয়েছি। তাহল শুধুমাত্র খিলাফাতের শর্তসমূহ বিদ্যমান থাকলেই সে খলীফা হতে পারবে না। যতক্ষণ না উম্মাহর পক্ষ থেকে সর্বজনশ্রদ্ধেয় ব্যক্তিবর্গরা তাকে খলীফা হিসেবে নির্ধারণ করে। একটু লক্ষ করে দেখুন, ওমর রাযি. যে, ছয় জনকে নির্ধারন করে ছিলেন তারা প্রত্তেকেই ছিল খলীফা হওয়ার যোগ্য। অতঃপর তাদের মধ্য থেকে আলী এবং উসমান রাযি. কে নির্বাচন করা হয়েছে। অতঃপর এ দুজনের মধ্য থেকে

---

[২০] বায়হাকী: ১৭০২২
[২১] সহীহ বুখারী: ৬৬৬৭

উসমান রাযি. কে খলীফা বানানো হয়েছে। আলী রাযি. কিন্তু খলীফা হওয়ার অযোগ্য ছিলেন না। এ কথা বলার সাহস কার যে, তিনি ছিলেন খিলাফতের অযোগ্য; বরং তাঁর মধ্যেও খিলাফতের যোগ্যতা ছিল। কিন্তু উম্মাহ তাকে খলীফা না বানিয়ে অন্য আরেক জন খিলাফতের যোগ্য লোককে খলীফা হিসেবে নির্বাচন করেছেন।

এই হচ্ছে খোলাফায়ে রাশেদীনের সিরাত। আশা করি বিষয়টি স্পষ্ট করতে পেরেছি যে, পুরো উম্মাহর প্রতিনিধিত্ব করবেন তাদের শ্রদ্ধাভাজন নেতৃবর্গ, আলেম ও চিন্তানায়কগণ। তাঁরা কোন বিষয় গ্রহণ করলে উম্মাহ সেটাকে গ্রহণ করে নিবে। আর তাঁরা কোন বিষয় ত্যাগ করলে পুরা উম্মাহ সেটাকে ত্যাগ করবে। সুতরাং তারাই খিলাফতের যোগ্য লোকদের বাছাই করে তাদের মধ্য থেকে একজনকে খলীফা হিসেবে নির্ধারণ করবে।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. এর ফতোওয়া এটাই ছিল এবং তিনি রাফেজীদের দাবিকে কঠিনভাবে প্রত্যাখ্যান করেছেন। রাফেজীরা আবু বকর রাযি. এর ব্যাপারে মিথ্যা অপবাদ দিয়ে বলে যে, আবু বকর রাযি. কে সাহাবায়ে কেরাম রাযি. দের মধ্য থেকে মাত্র অল্প কজন বায়আত দিয়েছিল। ইমাম ইবনে তাইমিয়া রহ. হিলাকারী রাফেজীদের এ কথাকে খণ্ডন করে বলেন,

"ولو قُدر أن عمرَ وطائفةً معه بايعوه، وامتنع سائرُ الصحابة عن البيعة لم يصرْ امامًا بذلك، وانما صار امامًا بمبايعة جمهور الصحابة، الذين هم أهلُ القدرةِ والشوكةِ.

فمن قال إنه يصيرُ إمامًا بموافقة واحدٍ أو اثنين أو أربعة، وليسوا هم ذوي القدرةِ والشوكةِ فقد غلط.

فجمهورُ الذين بايعوا رسولَ اللهِ -صلى الله عليه وسلم- هم الذين بايعوا أبا بكرٍ.

وأما عمرُ فإن أبا بكرٍ عهد إليه وبايعه المسلمون بعد موتِ أبي بكرٍ، فصار إمامًا لما حصلت له القدرةُ والسلطانُبمبايعتهم له.

فيقالُ أيضًا عثمانُ لم يصرْ إمامًا باختيارِ بعضِهم بل بمبايعة الناسِ له، وجميعُ المسلمين بايعوا عثمانَ بنَ عفانَ، ولم يتخلفْ عن بيعتِه أحدٌ.

والا فلو قُدر أن عبدَ الرحمنِ بايعه، ولم يبايعْه عليٌّ ولا غيرُه من الصحابة أهلِ الشوكة لم يصرْ إمامًا"

'যদি এটা ধরে নেয়া হয় যে, ওমর রাযি. এবং হাতে গোণা কয়েকজন তাঁকে (আবু বকর রাযি. কে) বায়আত দিয়েছিলেন। আর অন্য সকল সাহাবী রাযি. তাকে বায়আত দেওয়া থেকে বিরত থেকেছেন। তাহলে তো সে এর মাধ্যমে ইমাম হতে পারতেন না। বরং তিনি অধিকাংশ সাহাবায়ে কেরামের বায়াতের মাধ্যমে ইমাম হয়েছেন। যারা ছিলেন প্রভাবশালী এবং সর্বজনশ্রদ্ধেয় ব্যক্তি। যারা বলে যে, তিনি ইমাম হয়েছেন দুই চারজন লোকের বায়াতের ভিত্তিতে এবং তারা আসলে প্রভাবশালী এবং সর্বসজনশ্রদ্ধেয় ব্যক্তিবর্গ নয় তাদের কথা ঠিক নয়। যে সকল জমহুর সাহাবীগণ রাসূল সা. এর কাছে বায়আত দিয়েছেন তারাই আবু বকর রা. এর কাছে বায়আত দিয়েছেন। আর ওমর রাযি. কে আবু বকর রাযি. নির্ধারণ করেছেন। তাঁর মৃত্যুর পর সকল মুসলমানগণ তাকে (ওমর রাযি. কে) বায়আত দিয়েছেন তো সে একজন প্রভাশালী ইমাম হয়েছেন। আর তাঁর (আবু বকর রাযি.) মৃত্যুর পর তারা যদি তাকে বায়আত না দিতেন তাহলে তিনি ইমাম হতে পারতেন না। যদি বলা হয় যে, শুধু মাত্র আব্দুর রহমান ইবনে আউফ রাযি. ওসমান রাযি. কে বায়আত দিয়েছেন। আর আলী রাযি. সহ কোন সাহাবীই তাকে বায়আত দেননি। তাহলে তিনি ইমাম হলেন কিভাবে?'[২২]

আমি ঐ ব্যক্তিদের বলছি যারা মনে করে যে, 'খিলাফাতুন নুবুওয়াহ' সংঘটিত হবে অল্প কিছু অপরিচিত লোকের বায়আতের মাধ্যমে, উম্মাহ যাদের ব্যাপারে কিছুই জানে না। অতঃপর তারা আলেম-ওলামা ও মুজাহিদীনসহ সকল মুসলমানের ব্যাপারে মিথ্যা অপবাদ দেয় যে, তারা 'খিলাফা আলা মিনহাজিন নুবুওয়াহ' মানে না। আমি তাদেরকে বলছি, 'আপনারা যে সিদ্ধান্তটা নিয়েছেন তা আসলে রাফেজী মোতাহের হিলীর সাথে পুরাপুরি মিলে যায়। যারা আবু বকর রাযি. এর ব্যাপারে মিথ্যা অপবাদ দিয়ে বলে, অল্প কিছু সাহাবা ব্যতীত আবু বকর রাযি. কে আর কেউ বায়আত দেয় নি।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. এমন চিন্তা-দর্শনকে কড়াভাবে রদ করেছেন। তিনি দ্ব্যর্থহীন ভাষায় বলেছেন যে, খোলাফায়ে রাশেদীনের বায়আত সংঘটিত হয়েছে উম্মাহর সর্বজনশ্রদ্ধেয় আলেম, সুধীজন ও চিন্তাশীলদের ঐক্যমতের ভিত্তিতে অথবা সকল সাহাবাদের ঐক্যমতের ভিত্তিতে। সুতরাং যারা মনে করে অজ্ঞাত অখ্যাত কিছু লোক উম্মাহর বিরুদ্ধে গিয়ে কাউকে বায়আত দিলে তা শরয়ী ভিত্তি পেয়ে যাবে। তারা প্রকারান্তরে রাফেজী মোতাহের হিলি ও তার অনুসারীদের পক্ষেই প্রমাণ দাড় করাচ্ছেন। তারা কি ভেবে দেখবেন কেমন জটিল সমস্যায় তারা জড়াচ্ছেন। এক দিকে রাফেজীদের বিরোধিতা অন্য দিকে নিজেদের চিন্তা-দর্শনে তাদেরই পক্ষে দলীল দাঁড় করানো। অদ্ভুত স্ববিরোধী কর্মকাণ্ড!! বায়আত সংঘটিত হয় সন্তুষ্টির মাধ্যমে, বাধ্য করে বায়আত হয় না।

---

[২২] মিনহাজুস সুন্নাতিন নুবুওয়াতেঃ খ-১/৩৬৫-৩৬৭

আর এ কারণেই ইমাম মালেক রহ. মদীনা বাসীদের ব্যাপারে ফতোওয়া দিয়ে ছিলেন-

أن بيعاتهم للمنصورِ باطلةٌ، لأنها بيعاتٌ تمت بالإكراهِ.

'মানসুরের প্রতি তাদের বায়আত বাতিল। কেননা এই বায়আত জোরপূর্বক সংঘটিত হয়েছে।'

ইবনে কাছীর রহ. ১৪৫ হিজরীতে মদীনা বাসী কর্তৃক মুহাম্মদ ইবনে আব্দুল্লাহকে বায়আত দেওয়া প্রসঙ্গে বলেন,

"وقد خطب محمدٌ بنُ عبدِ اللهِ أهلَ المدينةِ في هذا اليومِ، فتكلم في بني العباسِ وذكر عنهم أشياءَ ذمهم بها، وأخبرهم أنه لم ينزلْ بلدًا من البلدانِ إلا وقد بايعوه على السمعِ والطاعةِ، فبايعه أهلُ المدينةِ كلُّهم إلا القليلَ.

وقد روى ابنُ جريرٍعن الامامِ مالكٍ: أنه أفتى الناسَ بمبايعته، فقيل له: فان في أعناقنا بيعةً للمنصورِ، فقال: إنما كنتم مكرهينَ وليس لمكره بيعةٌ.

فبايعه الناسُ عند ذلك عن قولِ مالكٍ"

'মুহাম্মাদ ইবনে আব্দুল্লাহ মদীনাবাসীকে উদ্দেশ্য করে ভাষণে বনী আব্বাসীদের অনেক দোষ উল্লেখ করার পর বললেন, সে যে অঞ্চলেই প্রবেশ করেছে সেখানকার লোকেরা তাকে আনুগত্যের বায়আত দিয়েছে। অতঃপর অল্প কিছু লোক ব্যতীত সকল মদীনাবাসী তাকে বায়আত দিয়েছিল।'[২৩]

ইবনে জারীর ইমাম মালেক রহ. সম্পর্কে বলেন,

وقد روى ابنُ جريرٍعن الامامِ مالكٍ: أنه أفتى الناسَ بمبايعته، فقيل له: فان في أعناقنا بيعةً للمنصورِ، فقال: إنما كنتم مكرهينَ وليس لمكره بيعةٌ.

فبايعه الناسُ عند ذلك عن قولِ مالكٍ"

'তিনি (ইমাম মালেক রহ.) তাকে (মুহাম্মাদ ইবনে আব্দুল্লাহকে) বায়াতের ব্যাপারে ফতোয়া দিলেন। তখন তাকে বলা হল, তারা তো ইতিপূর্বে মানসুরকে বায়আত দিয়েছে। তখন তিনি বললেন, তোমরা বাধ্য ছিলে আর বাধ্যকারীর বায়আত গ্রহণযোগ্য নয়। তখন ইমাম মালেক রহ. এর ফতোয়ায় সবাই তার হাতে বায়আত হন।'[২৪]

ফুকাহায়ে কেরামের উপরোক্ত দলিলের সাথে আমরা ইতিহাসের পাতায় সংরক্ষিত একটি ঘটনাও মিলিয়ে দেখতে পারি। ঘটনাটি আব্বাসী খলীফা মুস্তানসির এর হাতে বায়আত সংক্রান্ত। তাতারীদের হামলায় আব্বাসী খেলাফতের পতনের সাড়ে তিন বছরের মাথায় মুস্তানসির বিল্লাহ ৬৫৯ হিজরীতে

---

[২৩] আল বিদায়া ওয়ান নিহায়া:১০

[২৪] আল-বেদায়া ওয়ান নেহায়াঃ ১০/৯০

যখন মিসরে আগমন করেন, তখন মিসর ও শামের সুলতান রুকনুদ্দীন বেবরিস ও সুলতানুল ওলামা শায়েখ ইয্যুদ্দীন বিন আব্দুস সালামসহ নেতৃস্থানীয় আলেমরা তাঁর হাতে বায়আত দেন। ইসলামী ইতিহাসের এ দিনটি ছিল আবিস্মরণীয়। অথচ, খলীফা মুস্তানসিরের বায়আতের এক বছর পূর্বে ৬৫৮ হিজরীতে হাকেম বি আমরিল্লাহকে হলবের অধিপতি এবং স্বল্প সংখ্যক মুসলিম জনতা খলীফা হিসেবে বায়আত দেন। কিন্তু মিসর ও শামের সুলতান এবং বরেণ্য আলেমগণ একে স্বীকৃতি না দিয়ে খলীফা মুস্তানসির বিল্লাহর হাতে বায়আত দেন। আর এটিই ছিল যৌক্তিক। কারণ, মিসরই ছিল তখন ইসলামী শক্তির প্রাণকেন্দ্র। তাই সুলতানই মিসর, শাম, হলব, হেজায ও লোহিত সাগরের উপকূলীয় অঞ্চলের হর্তাকর্তা। তাছাড়া, বিশ্ব-বাণিজ্যিক লেনদেনও তাঁর কর্তৃত্বে ছিল। এতো ছিল বস্তুগত দিক। আর নীতিগতভাবেও তিনিই যোগ্য ছিলেন। কারণ, তিনি হারামাইন শরীফাইন ও মসজিদে আকসা- এ তিন মসজিদের তত্ত্বাবধায়কও ছিলেন। তাছাড়া, তৎকালীন সময়ে মিসরই ছিল সিংহভাগ আলেম-উলামা ও সুধী জনতার আবাসস্থল। অতঃপর হাকেম বি-আমরীল্লাহও খলীফা মুস্তানসির বিল্লাহর হাতে বায়আত দেন।

এ ঘটনা থেকে আমরা এটাও জানতে পারি যে, বিশিষ্ট আলেমগণ যেমন- সুলতানুল উলামা ইযুদ্দীন আব্দুস সালাম, হাকেম বি-আমরীল্লাহর হাতে গুটি কয়েক লোকের বায়আতকে স্বীকৃতি দেননি। ইতিহাসের এ ঘটনাটি যদিও শরয়ী দলিল হিসেবে দাঁড় করানো যাবে না, তবে আলোচ্য বিষয় বুঝতে সহযোগিতা হবে নিশ্চয়।

উপরোক্ত ঘটনা থেকে আরো যা বুঝা যায় তা হল- মুস্তানসির বিল্লাহ খলীফা হিসেবে বায়আত লাভের পর শাসন ক্ষমতা সুলতান বেবরিসের কাছে হস্তান্তর করেন জনসমক্ষে। এ ঘটনা আমাদের এ প্রেরণাই যোগায় যে, আমরাও কোন গোপন বায়আতে অংশ নেওয়ার পূর্বে এর যথার্থতা বিবেচনায় এনেই যেন সিদ্ধান্ত নেই। কারণ, আমরা যখন দেখি খিলাফতের দাবিদার ব্যক্তি তিনি যে কথা বলছেন, তার অনুসারীরা ভিন্ন কিছু বলছেন, তখন সঙ্গত কারণেই আমরা বিভ্রান্ত হই- তিনি কি স্বীয় অনুসারীদেরই বিরোধিতা করছেন, না নিজেই সিদ্ধান্তহীনতায় ভুগছেন? না তার অতিউৎসাহী অনুসারীরা তার নামে এসব আজগুবি বিষয় রটাচ্ছে?

শর্তযুক্ত বায়আতের অতি সাম্প্রতিক নজির স্থাপন করে গেছেন শায়েখ আবু হামজা আল- মুহাজের রহ.। শায়েখ আবু ওমর আল-বাগদাদী রহ. এর হাতে তিনি বায়আত দেন এ শর্তে, 'যে শায়েখ আবু ওমর আল-বাগদাদী শায়েখ উসামা বিন লাদেন রহ. এর অনুগামী হতে হবে।' যার ফলে শায়েখ আবু ওমর বাগদাদী ও আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মদ ওমর মুজাহিদের হাতে বায়আতের বন্ধনে যুক্ত হয়ে যাবেন। শায়েখ আবু ওমর বাগদাদী রহ. ও তা সাদরে মেনে নেন। এ

বিষয়টি স্বয়ং শায়েখ আবু হামজা আল মুহাজের রহ. আমাদের পত্রযোগে অবহিত করেন।

৪. খলীফার প্রধান গুণ বা বৈশিষ্ট্য কী?

ফুকাহায়ে কেরাম খলীফার জন্য অনেক শর্ত উল্লেখ করেছেন। তন্মধ্যে আমি এখানে মাত্র একটি শর্ত উল্লেখ করব। যা বর্তমানে মানুষ প্রায় ভুলেই গেছে। আর এই শর্তটি হল আদালত। লক্ষ করলে দেখা যাবে যে, এই একটি মাত্র শর্তের মধ্যেই অন্য সকল শর্ত চলে এসেছে।

আদালাত তথা ন্যায়পরায়নতা এটি এমন একটি শর্ত যা শরীয়তের প্রতিটি দায়িত্বের জন্যই অপরিহার্য। অর্থাৎ আদালত ছাড়া শরীয়তের কোন দায়িত্বই গ্রহণযোগ্য নয়। আর এ কারণে এটা বিশিষ্টজন হওয়ার পূর্বশর্ত। এবং খলীফা প্রার্থির জন্যও শর্ত। সুতরাং, কোন অপরিচিত ব্যক্তি অথবা যার আদালাত প্রশ্নবিদ্ধ সে শরয়ী কোন দায়িত্ব গ্রহণেরই যোগ্য নয়। প্রশ্নবিদ্ধ ব্যক্তি খলীফা তো দূরের কথা বিশিষ্টজনের কাতারেই পড়ে না। মহান আল্লাহ তাআলা বলেন,

﴿ وَإِذِ ابْتَلَىٰ إِبْرَاهِيمَ رَبُّهُ بِكَلِمَاتٍ فَأَتَمَّهُنَّ ۖ قَالَ إِنِّي جَاعِلُكَ لِلنَّاسِ إِمَامًا ۖ قَالَ وَمِن ذُرِّيَّتِي ۖ قَالَ لَا يَنَالُ عَهْدِي الظَّالِمِينَ ﴾

'যখন ইবরাহীমকে তাঁর পালনকর্তা কয়েকটি বিষয়ে পরীক্ষা করলেন, অতঃপর তিনি তা পূর্ণ করে দিলেন; (তখন তার পালনকর্তা) বললেন, 'আমি তোমাকে মানবজাতির নেতা করব'। তিনি বললেন, আমার বংশধর থেকেও! তিনি বললেন, আমার অঙ্গীকার অত্যাচারীদের পর্যন্ত পৌঁছবে না।'[২৫]

এই আয়াতের ব্যাখ্যায় ইমাম কুরতুবী রহ. খুয়াইজ মানদাদ রহ. এর একটি উক্তি নকল করেন। খুওয়াইজ মানদাদ রহ. বলেন,

"وَكُلُّ مَنْ كَانَ ظَالِمًا لَمْ يَكُنْ نَبِيًّا وَلَا خَلِيفَةً وَلَا حَاكِمًا وَلَا مُفْتِيًا، وَلَا إِمَامَ صَلَاةٍ، وَلَا يُقْبَلُ عَنْهُ مَا يَرْوِيهِ عَنْ صَاحِبِ الشَّرِيعَةِ، وَلَا تُقْبَلُ شَهَادَتُهُ فِي الْأَحْكَامِ".

'জালেম ব্যক্তি নবী হতে পারবে না। খলীফা হতে পারবে না। হাকীম হতে পারবে না। মুফতী হতে পারবে না। এবং নামাজের ইমামও হতে পারবে না। তার বর্ণিত কোন হাদীসও গ্রহণযোগ্য নয় এবং আহকামের ক্ষেত্রে তার সাক্ষ্যও গ্রহণযোগ্য নয়।'[২৬]

সুতরাং যার আদালাত নষ্ট হয়ে গেছে সে শরীয়তের কোন দায়িত্ব লাভের অযোগ্য। যেমন: খিলাফাত, ইমামত, গ্রহণযোগ্য ইমাম ও আলেম। আদালত

---

[২৫] সূরা বাকারা: ১২৪

[২৬] তাফসীরে কুরতুবী : ২/১০৯

বিনষ্ট হওয়ার উদাহরণ হল যেমন, সে দায়িত্ব নেওয়ার পর শরীয়ত অনুযায়ী ফায়সালা করে না। মিথ্যা বলে। অথবা, চুক্তি ভঙ্গ করে। অথবা তার আমীরের অবাধ্যতা করে। মুসলমানদের তাকফীর করার ক্ষেত্রে বাড়াবাড়ি করে। তাদের উপর মিথ্যা অপবাদ দেয়। তাদের রক্ত ও সম্মান নিয়ে খেলা করে আর আপোষহীন সত্যবাদী আলেমগণের অবস্থান তার সম্পূর্ণ বিপরীতে।

সকল মুজাহিদ ভাইদের প্রতি আর সর্ব প্রথম আমার নিজের প্রতিই আমার অনুরোধ ও নসিহত 'কারো বিরুদ্ধে অস্ত্র ধারণের পূর্বে নিশ্চিত হোন, সে ইসলামের শত্রু, হত্যাযোগ্য। জেনে রাখুন, আপনার আমীর আপনাকে তার ব্যক্তিগত রাজনৈতিক কোন উদ্দেশ্য হাসিলের জন্য ব্যবহার করছে কিনা? অথবা কর্তৃত্ব গ্রহণ বা ব্যক্তিগত শত্রুতার কারণে তাকে দমনের জন্য আপনি ব্যবহৃত হচ্ছেন কিনা? ভুলে যাবেন না, কিয়ামতের দিন আপনার আমীর আপনার কোনই কাজে আসবে না। আপনার রবের সামনে আপনাকেই দাড়াতে হবে এবং আনপার নিজের প্রতিটি কর্মের হিসাব দিতে হবে। কারো ব্যপারে নিশ্চিত হওয়া ব্যতীত তাকে তাকফীর করবেন না। চরিত্রহীন, সুযোগবাদী লোকে পরিণত হবেন না। জেনে রাখবেন, কিয়ামতের দিন আপনার হিসাব আপনাপকেই দিতে হবে। আপনার আমীর আপনার কোন উপকার করতে পারবে না। বরং সে তো নিজেই অন্যের মুখাপেক্ষি থাকবে। কোরআনের এই আয়াতকে স্বরণ করুন! আল্লাহ তাআলা বলেন,

﴿ وَمَن يَقْتُلْ مُؤْمِنًا مُّتَعَمِّدًا فَجَزَاؤُهُ جَهَنَّمُ خَالِدًا فِيهَا وَغَضِبَ اللَّهُ عَلَيْهِ وَلَعَنَهُ وَأَعَدَّ لَهُ عَذَابًا عَظِيمًا﴾

'যে ব্যক্তি স্বেচ্ছাক্রমে মুসলমানকে হত্যা করে, তার শাস্তি জাহান্নাম; তাতেই সে চিরকাল থাকবে। আল্লাহ তার প্রতি ক্রুদ্ধ হয়েছেন, তাকে অভিসম্পাত করেছেন এবং তার জন্যে ভীষণ শাস্তি প্রস্তুত রেখেছেন।'[২৭]

রাসূল সা. এর এই হাদীসটি স্বরণ করুন! ওসামা ইবনে যায়েদ রাযি. থেকে বর্ণিত, তিনি বলেন,

"بَعَثَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الْحُرَقَةِ فَصَبَّحْنَا الْقَوْمَ فَهَزَمْنَاهُمْ وَلَحِقْتُ أَنَا وَرَجُلٌ مِنَ الْأَنْصَارِ رَجُلًا مِنْهُمْ فَلَمَّا غَشِينَاهُ قَالَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ فَكَفَّ الْأَنْصَارِيُّ فَطَعَنْتُهُ بِرُمْحِي حَتَّى قَتَلْتُهُ فَلَمَّا قَدِمْنَا بَلَغَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَا أُسَامَةُ أَقَتَلْتَهُ بَعْدَ مَا قَالَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ قُلْتُ كَانَ مُتَعَوِّذًا فَمَا زَالَ يُكَرِّرُهَا حَتَّى تَمَنَّيْتُ أَنِّي لَمْ أَكُنْ أَسْلَمْتُ قَبْلَ ذَلِكَ الْيَوْمِ".

---

[২৭] সূরা নিসা: ৯৩

'রাসূল সা. আমাদেরকে হুরাকার দিকে প্রেরণ করলেন। আমরা সেখানে সকাল বেলা এক গোত্রের উপর আক্রমণ করলাম এবং তাদেরকে পরাজিত করলাম। অতঃপর আমি এবং এক আনসার তাদের এক লোকের সাক্ষাৎ পেলাম। আমরা যখন তাকে ধরাশায়ী করে ফেললাম তখন সে لا إله إلا الله পড়ল আর তখন আনসার সাহাবী বিরত হয়ে গেল আর আমি তাকে আমার বর্শা দিয়ে আঘাত করে হত্যা করলাম। অতঃপর আমরা যখন মদীনায় ফিরে আসলাম রাসূল সা. এর নিকট এই সংবাদ পৌঁছল। তখন রাসূল সা. আমাকে জিজ্ঞাসা করলেন, 'ওসামা! সে لا إله إلا الله পড়ার পরও তুমি তাকে হত্যা করলে! আমি বললাম সে, তো আত্মরক্ষার জন্য এটা পড়েছে। কিন্তু রাসূল সা. এ কথা এতোবার বলছিলেন যে আমার মনে হতে লাগলো যে, আমি যদি এ ঘটনার পূর্বে ইসলাম গ্রহণ না করে পরে মুসলমান হতাম (অর্থাৎ পূর্বে মুসলমান না হয়ে তখন মুসলমান হলে তো আর আমার দ্বারা এ অপরাধটি সংঘটিত হতো না)।'[২৮]

وآخر دعونا أن الحمد لله رب العلمين. وصلى الله على محمد وآله وصحبه وسلم.

والسلام عليكم ورحمة الله.

---

[২৮] সহীহ বুখারী

ইসলামী বসন্ত (চতুর্থ পর্ব)

للشيخ المجاهد الحكيم د. أيمن الظواهري

حفظه الله

পূর্ববর্তী পর্বে যেসব বিষয় আলোচনা করা হয়েছে-

১. খিলাফাহ আলা মিনহাজিন নুবুওয়াহ কী?

২. খিলাফাহ আলা মিনহাজিন নুবুওয়ার প্রধান বৈশিষ্ট্য কী?

৩. খলীফা নির্ধারণের শরয়ী পদ্ধতি কী?

৪. খলীফার জন্য প্রধান শর্ত কী?

আজ আমি পঞ্চম যে বিষয়টি নিয়ে আলোচনা করবো তা হল, উল্লিখিত বিষয় সমূহের উপর কিছু সংশয় ও প্রশ্নের জওয়াব। আল্লাহ তাআলা যদি ইচ্ছা করেন তো এখন আমি নিম্নে বর্ণিত সংসয় ও প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দেওয়ার চেষ্টা করবো।

সংশয়সমূহ:

১. বল প্রয়োগ করে ইমারাহ দখল করার হুকুম কী?

২. অল্প সংখ্যক লোকের বায়াতের মাধ্যমে খলীফা নির্বাচন বৈধ হবে কী?

৩. কেউ যদি আযোগ্য মনে করে কাউকে বায়আত না দেয় তাহলে সে কি গুনাহগার হবে?

৪. খিলাফতের পদ শূন্য থাকা অবস্থায় যদি কোন অযোগ্য লোক নিজেকে এই বলে খলীফা দাবী করে যে, ‘কোন খলীফা না থাকার চেয়ে একজন খলীফা থাকাতো ভাল’। তাহলে করণীয় কী? আমরা কি তাকে খলীফা হিসেবে মেনে নিব? অথচ মুসলমানদের এমন অনেক আমীর আছেন যারা জিহাদ করেন, শরীয়ত অনুযায়ী বিচারকার্য পরিচালনা করেন এবং ‘আমর বিল মারুফ নাহী আনিল মুনকার’ করেন এবং সম্মিলিত ভাবে ধীরে ধীরে ‘খিলাফাহ আলা মিনহাজিন নুবুওয়ার’ দিকে এগিয়ে যাচ্ছেন।

৫. কোন অযোগ্য লোক যদি নিজেকে খলীফা হিসেবে ঘোষণা করে। আর কেউ যদি তাকে বায়আত না দেয় তাহলে কি সে হাদীসে বর্ণিত ধমকির উপযুক্ত হবে? কারণ, হাদীসে এসেছে,

"مَنْ مَاتَ وَلَيْس فى عُنُقِهِ بَيْعَةٌ مات مِيتَةً جاهلية".

‘যে ব্যক্তি কাউকে বায়আত না দিয়ে মৃত্যুবরণ করল সে জাহেলী অবস্থায় মৃত্যু বরণ করল!’[২৯]

৬. আপনারা বলছেন অমুকে খিলাফতের যোগ্য নয়। অথচ আমরা খিলাফতের যোগ্য অনেক লোককে পর্যবেক্ষণ করেছি; কিন্তু তার চেয়ে যোগ্য অন্য কাউকেই পাইনি।

---

[২৯] মুসলিম

৭. যে লোক কারো পরামর্শ ব্যতীত নিজেকে খলীফা বলে দাবী করে তার কি এ অধিকার আছে যে, সে তার অনুসারীদের এ আদেশ দিবে যে, ‘যারা আমাকে খলীফা হিসেবে মানবে না তাদের মাথা গুড়িয়ে দাও। কারণ তারা জামাতের মধ্যে ফাটল সৃষ্টি করছে এবং জমিনে বিশৃঙ্খলা সৃষ্টি করছে। তারা দলীল হিসেবে এই হাদীসটি পেশ করে,

عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو أَنَّ النَّبِيَّ -صلى الله عليه وسلم- قَالَ : مَنْ بَايَعَ إِمَامًا فَأَعْطَاهُ صَفْقَةَ يَدِهِ وَثَمَرَةَ قَلْبِهِ فَلْيُطِعْهُ مَا اسْتَطَاعَ فَإِنْ جَاءَ آخَرُ يُنَازِعُهُ فَاضْرِبُوا رَقَبَةَ الآخَرِ.

অর্থঃ আব্দুল্লাহ ইবনে ওমর রাযি. থেকে বর্ণিত রাসূল সা. বলেন, যে ব্যক্তি কোন ইমামকে বায়আত দিল নিজের দেহ-মনের বন্ধন তার সাথে জুড়ে নিল। এর ভিন্ন কেই যদি খিলাফতের দাবি নিয়ে প্রথম জনের বিরুদ্ধে দাঁড়ায় তাহলে তার গর্দান উড়িয়ে দিবে।[৩০]

৮. একটি উপযোগী পরিস্থিতির জন্য খিলাফতের ঘোষণা বিলম্বিত করা কি অপরাধ?

সংশয়

১. বল প্রয়োগ করে ইমারা দখল করা বৈধ কি না?

বল প্রয়োগ করে ইমারাহ দখলকে অনেকেই জয়েয মনে করেন। কোন কোন আলেমের কথাকে দলীল হিসেবে পেশ করে বলে- উলামাগণ বলেন, তরবারীর বলে ক্ষমতা দখল করা জয়েয এবং দখলকারীর বিরুদ্ধে বিদ্রোহ করার চেয়ে তার আনুগত্য মেনে নেয়া অধিক উত্তম। সুতরাং কেউ যদি কোন দেশ অথবা কিছু অঞ্চল দখল করে নিজেকে খলীফা হিসেবে দাবী করে তাহলে আমাদের উচিৎ তার আনুগত্য মেনে নেয়া। এমন কি সে যদি জালেম হয় এবং জমিনে ফেতনা ফাসাদ ও বিশৃঙ্খলা সৃষ্টি করে তবুও।

তাদের বিরুদ্ধে আমাদের জবাব হল, সর্ব সম্মতিক্রমে ইমাম নির্বাচনে শরয়ী পদ্ধতি হল দুটিঃ

ক. উম্মাহর ইমাম, আলেম ও বুদ্ধিজীবিরা মিলে একজনকে নির্বাচন করবেন।
খ. পূর্বের খলীফা কাউকে তার প্রতিনিধি হিসেবে নির্বাচন করবেন। অতঃপর তার (খলীফার) মৃত্যুর পর নির্বাচিত খলীফার প্রতি মুসলমানদের সমর্থন থাকবে। অর্থাৎ, উম্মাহর ইমাম, আলেম ও বুদ্ধিজীবিরা তাকে খলীফা হিসেবে মেনে নিবেন।

---

[৩০] মুসলিমঃ হাদীস নং-৪৮৮২

এই দুটি পদ্ধতিই মুসলমানদের সন্তুষ্টিচিত্তে হতে হবে । এ সম্পর্কে পূর্বের আলোচনায় আমি সাহাবায়ে কেরামদের সিদ্ধান্ত, ইমাম মালেক রহ. ও ইমাম ইবনে তাইমিয়া রহ. এর ফতোওয়া উল্লেখ করেছি। আর অস্ত্র ও শক্তির জোরে ক্ষমতা দখল শরয়ীভাবেও অনেক বড় অপরাধ। যার কারণে মুসলমানদের রক্ত ঝরে এবং ক্ষমতার জন্য মুসলমানদের মাঝে শত্রুতা সৃষ্টি হয়।

ইবনে হাজার হায়তামী রহ. বলেন,

"لأن المتغلبَ فاسقٌ معاقبٌ. لا يستحقُ أن يبشرَ ولا يُؤمرَ بالإحسانِ فيما تغلب عليه. بل إنما يستحقُ الزجرَ والمقتَ والإعلامَبقبيحِ أفعاله وفساد أحواله"

'জোরপূর্বক ক্ষমতা দখলকারীরা সাধারণত ফাসেক ও শাস্তি প্রদানকারী হয়ে থাকে। সে কিছুতেই তার দখলকৃত অঞ্চলে ইনসাফের উপদেশ কিংবা বাহবা পাবার যোগ্য নয়।বরং সে এহেন কর্মকাণ্ডের কারণে ভর্ৎসনা ও তিরষ্কারের উপযুক্ত হবে এবং তার দুষ্কর্মের বিষয়ে জনগণকে অবহিত করতে হবে।'[৩১]

আর কোন কোন আলেম বল প্রয়োগকারীর শাসনকে অনোন্যপায় অবস্থায় গ্রহণ করেছেন। এ সম্পর্কে বিস্তারিত আলোচনা ফিকহের কিতাবসমূহে আছে। কারো প্রয়োজন হলে সেখান থেকে দেখে নিতে পারে। অন্তত আমাদের এখনো এ প্রয়োজন দেখা দেয়নি। আর সে প্রয়োজনগুলো কী কী তা নিয়ে আলোচনা করারও আমাদের প্রয়োজন নেই। কেননা অল্প কিছু লোক ব্যতীত এই বল প্রয়োগকারীর ক্ষমতা কারর উপর নেই। আমাদের উপরও না। অন্য কোন মুসলমানের উপরও না। বরং তার দখলকৃত অঞ্চলের চেয়ে অনেক বড় বড় অঞ্চল অন্যান্য মুজাহিদদের দখলে রয়েছে এবং তারা ধীরে ধীরে খিলাফাহ আলা মিনহাজিন নবুওয়া প্রতিষ্ঠার দিকে অগ্রসর হচ্ছেন।

সর্বোপরি কথা হচ্ছে, আমরা তো আর বায়আত মুক্ত নই; বরং আমরা সন্তুষ্টচিত্তে আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মদ ওমর মুজাহিদের হাতে বায়আত দিয়েছি। তিনি আমাদের আমীর এবং বাগদাদী ও তার অনুসারীদেরও আমীর। কিন্তু বাগদাদী ও তার অনুসারীরা এই বায়আত ভঙ্গ করে খিলাফাহ ঘোষণা করেছে। তাই বলে তো আর আমরা তার কথিত একটি দেশ অথবা কিছু অঞ্চলে খিলাফতের কারণে আমীরুল মুমিনীন মোল্লা মুহাম্মাদ উমরের কাছে দেওয়া বায়আত ও প্রতিশ্রুতি ভঙ্গ করতে পারি না।

---

[৩১] الصواعق المحرقة على أهل الرفض والضلال والزندقة ج: ٢ ص: ٦٢٧

তাছারা আমরা মহান আল্লাহর করুণায় 'খিলাফাহ আলা মিনহাজিন নবুওয়াহ' ফিরিয়ে আনার চেষ্টায় নিয়োজিত। ইনশাআল্লাহ সামনে এ বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করব।

উলামাগণ প্রয়োজনবশত এবং বিশৃঙ্খলা এড়ানোর জন্য যে বলপ্রয়োগকারীর খিলাফাহ মেনে নিয়োছেন তা কিন্তু তারা কোন শর্ত ছাড়া এমনি এমনি মেনে নেননি; বরং এর জন্য তারা একটি শর্ত দিয়েছেন। আর তাহল- শরীয়ত প্রতিষ্ঠিত ও তার হুকুম কার্যকর থাকতে হবে। আর এ বিষয়টি স্পষ্ট ভাবে প্রমাণিত যে, তথাকথিত এই খলীফা ও তার অনুসারীরা শরীয়ত অনুযায়ী বিচারকার্য পরিচালনা করে না। সুতরাং যাদের মধ্যে এই মূল শর্তই অনুপস্থিত; তারা দখলকারী হলেও তো তাদের আনুগত্য করা জায়েয নেই।

এরপর কথা হল, যারা এসব সংশয়কে নিজেদের পক্ষে দলীল হিসেবে দাঁড় করতে চান; তারাই কিন্তু অন্যদের জন্য রাস্তা তৈরি করে দিচ্ছেন। যেমন, প্রতিটি স্থানে প্রতিটি জামাত যখনই শক্তিশালী হয়ে উঠবে তখন তারা নিজেদেরকে স্বয়ংসম্পূর্ণ ভেবে নিজেরাই খিলাফাহ ঘোষণা করে বসবে। যেমন, উমাইয়ারা আন্দালুস নিয়ে আব্বাসীদের থেকে পৃথক হয়ে গিয়েছিল। এই সংশয়ের উপর ভিত্তি করে প্রত্যেক উদ্ধত গোষ্ঠি প্রথম জবর দখলকারীর থেকে বিচ্ছিন্ন হওয়ার ঘোষণা দিবে এবং শক্তির মাধ্যমে অপর একজন দখলদার প্রকাশ পাবে। এভাবে জবরদখলের রাজ্য আমাদের রক্তের সাগরের দিকে নিয়ে যাবে। আর এভাবে উম্মতের শ্রেষ্ঠ সন্তানদের রক্ত বিনামূল্যে বিকিয়ে যাবে যা দেখে ইসলামের শত্রুরা মুখ টিপে হাসবে।

ইবনে আরাবী রহ. বলেন, ইমাম মালেক রহ. থেকে ইবনে কাসেম বর্ণনা করেন,

"إذا خرج على الإمام العدل خارج وجب الدفع عنه، مثل عمر بن عبد العزيز. فأما غيره فدعه، ينتقم الله من ظالم بمثله، ثم ينتقم من كليهما".

'যখন ওমর ইবনে আব্দুল আজিজের মত ন্যায়পারায়ণ বাদশার বিরুদ্ধে কেউ বিদ্রোহ করে তাহলে তাকে দমন করা ওয়াজিব। আর যদি তার মত না হয় তাহলে তাকে তার মত ছেড়ে দাও। আল্লাহ তাআলা তার মত অন্য একজনকে দিয়ে এই জালেমের প্রতিশোধ নিবেন অতঃপর উভয়ের থেকেই প্রতিশোধ নিবেন।'

আল্লাহ তাআলা বলেন,

﴿ فَإِذَا جَاءَ وَعْدُ أُولَاهُمَا بَعَثْنَا عَلَيْكُمْ عِبَادًا لَّنَا أُولِي بَأْسٍ شَدِيدٍ فَجَاسُوا خِلَالَ الدِّيَارِ ۚ وَكَانَ وَعْدًا مَّفْعُولًا ﴾

'অতঃপর যখন প্রতিশ্রুতির সেই প্রথম সময়টি এল, তখন আমি তোমাদের বিরুদ্ধে প্রেরণ করলাম আমার কঠোর যোদ্ধা বান্দাদেরকে। তখন তারা প্রতিটি জনপদের আনাচে-কানাচে পর্যন্ত ছড়িয়ে পড়ল। এ ওয়াদা পূর্ণ হওয়ারই ছিল।'[৩২]

ইমাম মালেক রহ. বলেন,

"إذا بويع للإمام فقام عليه إخوانه قوتلوا إذا كان الأول عدلا. فأما هؤلاء فلا بيعة لهم إذا كان بويع لهم على الخوف".

'যখন একজন ইমামের জন্য বায়আত সংঘটিত হয়ে যায়। অতঃপর তার ভাইয়েরা তার বিরুদ্ধে বিদ্রোহ করে। আর প্রথম জন যদি আদেল হয় তাহলে তাদেরকে হত্যা করতে হবে। আর ভয়ের কারণে যদি তাদেরকে বায়আত দেওয়াও হয় তাহলে এই বায়আত গ্রহণযোগ্য হবে না।'[৩৩]

এখানে আমি ঐ সকল ভাইদের সতর্ক করে দিতে চাই যারা জবরদখলকারী জালেম শাসকদের ব্যাপারে উলামায়ে কেরাম যে ধৈর্যের পরামর্শ দিয়েছেন এর মাঝে এবং 'খিলাফাহ আলা মিনহাজিন নুবুওয়ার' মাঝে পার্থক্য করতে না পেরে বরং দুইটা এক মনে করে বলে, জবর দখলকারীর শাসনই হল 'খিলাফাহ আলা মিনহাজিন নবুওয়াহ'। তারা উলামাদের কথাকে তাদের এই দাবীর সপক্ষে ইমাম আহমদ রহ. এর কথাকে দলীল হিসেবে পেশ করে থাকে। তিনি বলেছেন,

"ومن غلبهم بالسيف حتى صار خليفة وسمي أمير المؤمنين لا يحل لأحد يؤمن بالله واليم الآخر أن يبيت ولا يراه إماما عليه، برا كان أو فاجرا. فهو أمير المؤمنين".

'কোন ব্যক্তি যদি তরবারীর জোরে খলীফা হয় এবং আমীরুল মুমিনীন নাম ধারণ করে। তাকে ইমাম হিসেবে না মানা আল্লাহ ও আখেরাতে বিশ্বাসী কারো জন্য বৈধ হবে না। চাই লোকটা নেককার হোক অথবা বদকার। কারণ সে আমীরুল মুমিনীন।'[৩৪]

উক্তিটি তাদের দলীল হিসেবে পেশ করা একাধিক কারণে অসম্ভব।

১. আহলে সুন্নাহ ওয়াল জামাআত বলপ্রয়োগকারীর শাসনের উপর ধৈর্য ধারণের ব্যাপারে বিস্তারিত আলোচনা করেছেন। এখানে সেগুলো উল্লেখ করে আমি আমার আলোচনা দীর্ঘ করব না। আগ্রহী ব্যক্তি ফিকহের কিতাব থেকে তা দেখে নিতে পারেন।

---

[৩২] সূরা বানী ইসরাইল:৫

[৩৩] আহকামুল কোরআন, ইবনুল আরাবী: ৭/২৭৫

[৩৪] আল আহকামুস সানিয়্যাহ: ১/২০

২. ইমাম আহমদ রহ. থেকেই এর বিপরীত রেওয়ায়েত পাওয়া যায়। এখানে তা নিয়ে বিস্তারিত আলোচনা করছি না; তবে শুধু মাত্র একটি ঘটনা উল্লেখ করছি: ইমাম আহমদ রহ. খলীফা ওয়াসিক আল আব্বাসীর বিরুদ্ধে বিদ্রোহ করার কারণে ইমাম আহমদ ইবনে নছর আল খুজায়ী রহ. এর প্রশংসা করেন। আহমদ ইবনে নাছর রহ. সম্পর্কে আহমদ ইবনে হাম্বল রহ. বলেন,

"ما كان أسخاه بنفسه لله، لقد جاد بنفسه له".

'আল্লাহ তাআলা তাঁর প্রতি রহম করুন! আল্লাহর জন্য নিজের জান বিলিয়ে দেওয়ার ক্ষেত্রে তাঁর চেয়ে উদার মানুষ আর হতে পারে না। সে আল্লাহর জন্য নিজের জান বিলিয়ে দিয়েছে।'[৩৫]

৩. এরকম দলীল পেশকারীকে আমরা প্রশ্ন করতে চাই; এর মাধ্যমে আপনি কোন খিলাফাহ উদ্দেশ্য নিচ্ছেন? আপনি কি 'খিলাফাহ আলা মিনহাজিন নুবুওয়াহ' উদ্দেশ্য নিচ্ছেন যার সুসংবাদ স্বয়ং রাসূল সা. দিয়েছেন। খোলাফায়ে রাশেদীনের খিলাফাহ; যাদের অনুসরণ করতে নবী কারীম সা. আমাদের আদেশ দিয়েছেন। নাকি বলপ্রয়োগ এবং জোর জবরদস্তির খিলাফাহ উদ্দেশ্য নিচ্ছেন। যার বর্ণনা নবী কারীম সা. দিয়েছেন যে সেটা তাঁর সুন্নতকে পরিবর্তন করবে। যার প্রতিষ্ঠাকারীকে ওমর রাযি. বায়আত দিতে নিষেধ করেছেন। আর ইমাম মালেক রহ. তার বর্ণনা এ ভাবে দিয়েছেন,

"بأنه ظالم ينتقم الله منه، وأنه لا بيعة له، ولا ينصر على من خرج عليه، كما مر بنا".

'সে জালেম আল্লাহ তার বিচার করবেন। তাকে বায়আত দেওয়া যাবে না। এবং তার বিরুদ্ধে কেউ বিদ্রোহ করলে তাকে সাহায্য করা যাবে না।'

আমি এখানে কয়েকটি বিষয় উল্লেখ করতে চাই:

এক. উম্মাহর ইতিহাসে জবরদস্তি ও বলপ্রয়োগের খিলাফাহ (কেউ চাইলে তাকে ধ্বংস ও ফাসাদ সৃষ্টির খিলাফাহ বলতে পারেন।) দুর্গতিই বয়ে এনেছে এবং তাদের মাঝে শান্তি প্রতিষ্ঠা করতে ব্যর্থ হয়েছে। আর আমাদের অধঃপতনের কারণও তো এটাই ছিল। জবরদখলের এই রীতি উম্মাহর ইতিহাসে কঠিন কঠিন মুহূর্তে এই শাসন নারী ও অবুঝ শিশুকেও খলীফা মনোনিত করেছে। যেমন, তাতারীরা যখন বাগদাদ আক্রমণ করে তা একেবারে উজাড় করে হলব পর্যন্ত পৌঁছে গেছে এবং মিসরে আক্রমণেরও প্রায় সকল প্রস্তুতি সম্পন্ন করে ফেলেছে। এমন এক কঠিন ও নাযুক মুহূর্তে মিসরের বাদশা নিযুক্ত হয় আট দশ বছরের শিশু

---

[৩৫] আল বদিয়াহ ওয়ান নিহায়াহ: ১০/৩০৩

মানসুর ইবনে ইজ্জুদ্দিন। অথচ তার সময় কাটতো কবুতর নিয়ে খেলা করে এবং উটের পিঠে চড়ে। তাতারীদের মোকাবেলা করে মিসরকে রক্ষা করার কোন চিন্তাই তার মধ্যে ছিল না। এহেন পরিস্থিতিতে বাদশা মানসুরের উপস্থিতিতে আমীর উমারাগণ আসন্ন বিপদ মোকাবিলায় তাদের করনীয় সম্পর্কে পরামর্শ সভায় বসল। কিন্তু শিশু মানসুর শুধু মজলিসের সেভাই বর্ধন করছিল, তার কোন মতামত ছিল না। পরিস্থিতি খারাপ দেখে সাইফুদ্দিন কুতুজ রহ. মানসুরকে ক্ষমতাচ্যুত করে নিজে ক্ষমতা দখল করে নেন এবং ফুকাহা ও কাজীদের নিকট এই বলে ওজর পেশ করেন যে, মানসুর ছোট আর দেশে এখন তাতারীদের মোকাবেলায় একজন দক্ষ ও শক্তিশালী শাসক প্রয়োজন। অতঃপর কুতুজ রহ. যখন 'আইনে জালুতে' তাতারীদের পরাজিত করে বিজয় অর্জন করলেন। বাইবারাছ তখন আমীর উমারাদের সাথে তাঁর বিরুদ্ধে ষড়যন্ত্র করে তাকে হত্যা করে এবং তার সৈন্য বাহিনীর উপর সশস্ত্র আক্রমণ করে। অতঃপর তারা যুবরাজের বাসগৃহে এসে যুবরাজকে কুতুজ রহ. হত্যার সংবাদ দেয়। তখন সে বলে, তোমাদের মধ্যে কে তাকে হত্যা করেছে। বাইবারাছ বলে, আমি। তখন যুবরাজ তাকে বলল, হে বীর আজ থেকে তোমার মর্যাদা সুলতানের মত।

"فغيبت الشريعة عن تنصيب الإمام وأصبح السيف هو الحكم".

'ইমাম নিয়োগের ক্ষেত্রে শরীয়তের কর্তৃত্ব আড়াল হয়ে গেল এবং তার স্থানে কর্তৃত্ব দখল করে নিল তরবারী (সে যাকে ইচ্ছা তাকেই ইমাম বানাবে)।'

হত্যাকারীর শরীয়ত অনুযায়ী বিচারের পরিবর্তে তাকে সুলতানের মর্যাদা দেয়া হয়। আর সে যাকে নিয়োগ দেয় সেই কাজী ও মুফতী হয় এবং এক সময় বলে আমিই ইমাম। আমার কথা মত সবকিছু চলবে। যার বিচারের প্রয়োজন তাকে আমার নিয়োগ দেওয়া বিচারকের বিচারই মানতে হবে; যদিও বিচার তাদের বিরুদ্ধেই চাওয়া হয়।। আর এ ভাবেই ধীরে ধীরে শরীয়ত বাতিল হতে থাকে। আর আমরা রাসূল সা. এর ভবিষ্যদ্বাণীর সত্যতার খোঁজ পাই। রাসূল সা. বলেছেন,

"لتنقضن عرى الاسلام عروة عروة فكلما انتقضت عروة تشبث الناس بالتي تليها فاولهن نقضا الحكم وآخرهن الصلاة"

'ইসলামের বন্ধনগুলো (হুকুমগুলো) একে একে বিলুপ্ত হতে থাকবে। আর যখনই একটা বন্ধন বিলুপ্ত হবে মানুষ তার নিকটতম বন্ধনের দারসংস্থ হবে। সুতরাং সর্বপ্রথম (শরয়ী) হুকুম বিলুপ্ত হবে আর সর্ব শেষ হবে নামাজ।'[৩৬]

আর আমাদের এ যুগের ঘটনা হল; এই বল প্রয়োগকারী হুকুমতই ইমাম মুজাদ্দেদ আব্দুল ওয়াহাব রহ. এর দাওয়াতকে নষ্ট করেছে এবং এ অঞ্চলকে

---

[৩৬] জামেউস সগীর

আমরিকার কর্তৃত্বাধীন অঞ্চলে পরিণত করেছে। সর্বোপরি মুসলমানদের আমরিকা ও ইংরেজদের দাসে পরিণত করেছে। ফলে কোরআনের শাসন বাদ দিয়ে মনবরচিত বিধান দ্বারা রাষ্ট্র পরিচালিত হচ্ছে এবং মুসলমানদের দেশ ও সম্পদ কাফেরদের কাছে অর্পণ করা হচ্ছে।

দুই. ধ্বংস ও বিশৃঙ্খলার খিলাফতের আহ্বান মুজাহিদদের মাঝে ফেতনার আগুনই জ্বেলে দিবে এবং তাদের মাঝে বিভেদ সৃষ্টি করবে। যারা এই খিলাফতের অনুসরণ করবে তারা ভাববে তারা সঠিক পথে আছে। আর অন্যরা শরীয়ত মানছে না; বরং তারা বাগী-বিদ্রোহী। কখনো কখনো তাদের মুরতাদ পর্যন্ত বলবে। আর বিরোধীরা 'খিলাফাহ আলা মিনহাজিন নুবুওয়াহ' ফিরিয়ে আনার চেষ্টায় রত। ঠিক এ ফিৎনাটিই বর্তমানে ইরাক ও শামে দেখা যাচ্ছে। মুজাহিদরা পরস্পর যুদ্ধে জড়িয়ে পড়েছে। এর কারণে আসল শত্রুর বিরুদ্ধে জিহাদ প্রায় বন্ধ হয়ে গেছে। যার ফসল শত্রুরাই ঘরে তুলছে।

তিন. রাজতন্ত্রের মধ্যেও ভাল কাজ হয়েছে। যেমন, হাজ্জাজ বিন ইউসুফ একদিকে মুহাম্মদ ইবনে কাসেমকে সিন্ধু অভিযানে পাঠিয়েছে। অন্যদিকে অসংখ্য ভাল মানুষকে হত্যা করেছে। তদ্রূপ খলীফা মুতাসিম এক দিকে যেমন আহমদ ইবনে হাম্বল রহ. এর উপর অমানুষিক নির্যাতন করেছে, অন্য দিকে আমুরিয়া বিজয় করেছে। কিন্তু এর কারণে তো আর হাকীকত বাতিল হবে না মাশওয়ারা ব্যতীত শক্তির জোরে ক্ষমতা দখল শরীয়ত সম্মত হয়ে যাবে না; বরং তা শরীয়ত পরিপন্থি হিসেবেই চিহ্নিত হবে।

আমরা 'খিলাফা আলা মিনহাজিন নবুওয়াহ' ফিরিয়ে আনারই চেষ্টা করছি। আর এর মঝেই রয়েছে উম্মাহর সার্বিক কল্যাণ, নেতৃত্ব ও ইজ্জত-সম্মান। আমাদের নবী মুহাম্মদ সা. আমাদেরকে এই খিলাফার সুসংবাদই দিয়ে গেছেন। সুতরাং আমরা রাজতন্ত্র বা স্বৈরাতন্ত্র ফিরিয়ে আনার চেষ্টায় আমাদের শক্তি ব্যয় করবো না, কারণ এই রাজতন্ত্র আর সৈরাতন্ত্রই হচ্ছে উম্মাহর অধঃপতন আর পরাজয়ের মূল।

আমরা খোলাফায়ে রাশেদীনের পদ্ধতিতে খিলাফাহ প্রতিষ্ঠা করবো। হাজ্জাজ ইবনে ইউসুফ, বুছর ইবনে আরতা ও আবু মুসলিম আল-খুরাসানীর পদ্ধতিতে নয়। ইনশাআল্লাহ, আমরা সাইয়্যিদুনা মুহাম্মদ সা. এর মানহাজে খিলাফাহ প্রতিষ্ঠা করব। তিনি বলেন,

"خِيَارُ أَئِمَّتِكُمُ الَّذِينَ تُحِبُّونَهُمْ وَيُحِبُّونَكُمْ وَتُصَلُّونَ عَلَيْهِمْ وَيُصَلُّونَ عَلَيْكُمْ وَشِرَارُ أَئِمَّتِكُمُ الَّذِينَ تُبْغِضُونَهُمْ وَيُبْغِضُونَكُمْ وَتَلْعَنُونَهُمْ وَيَلْعَنُونَكُمْ".

'তোমাদের সর্বোত্তম নেতা হচ্ছে তারা- যাদেরকে তোমরা ভালবাসবে এবং তারা তোমাদেরকে ভালবাসবে এবং তোমরা যাদের জন্য দোআ করবে আর তারা

তোমাদের জন্য দোআ করবে। আর তোমাদের নিকৃষ্ট নেতা হচ্ছে তারা- যাদেরকে তোমরা অপছন্দ করবে আর তারা তোমাদের অপছন্দ করবে তদ্রূপ যাদেরকে তোমরা অভিসম্পাত করবে আর তারা তোমাদের অভিসম্পাত করবে।'[৩৭]

মানুষ কিভাবে ঐ লোককে ভালবাসবে এবং তার মঙ্গল কামনা করে দোআ করবে- যে তাদের এবং তাদের প্রিয় লোকদের নির্যাতন করে হত্যা করে?

সংশয় ২. অল্প সংখক লোকের বায়আতের মাধ্যমে খলীফা নির্ধারণ সঠিক হবে কি না?

আমি খুব সংক্ষেপে এ ব্যাপরে কিছু আরজ করব। কারণ, আমরা দেখতে পাই- কেউ কেউ অল্পসংখ্যক লোকের বায়আতকে বৈধ প্রমাণ করতে দুটি দলীল দাঁড় করানোর চেষ্টা করেন।

এক: কোন কোন আলেম থেকে বর্ণিত আছে যে, এক-দুইজন অথবা একেবারে অল্প সংখ্যক লোকের মাধ্যমেও খলীফা নির্ধারণ হয়। একথার উত্তর হল:

ক. এ কথাটা সাহাবায়ে কেরাম রাযি. এর সুন্নত ও ইজমার বিপরীত। সহীহ হাদীসের কিতাবগুলোতে তা বর্ণিত আছে। পূর্বে এ বিষয় নিয়ে আমরা আলোচনা করেছি।

খ. শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. এই সংশয়ের উত্তর দিয়েছেন এবং বলেছেন এটা সাহাবায়ে কেরাম রাযি.এবং সাইয়্যিদিনা আবু বকর রাযি. কে অপবাদ দেয়ার ক্ষেত্রে রাফেজীদের মতাদর্শের অনুসরণ ।

দুই:, তারা ইমাম নববী রহ. এর কথাকে দলীল হিসেবে পেশ করে থাকে।

ইমাম নববী রহ. বলেন,

"أَمَّا الْبَيْعَة : فَقَدْ اِتَّفَقَ الْعُلَمَاء عَلَى أَنَّهُ لَا يُشْتَرَط لِصِحَّتِهَا مُبَايَعَة كُلّ النَّاس ، وَلَا كُلّ أَهْل الْحَلّ وَالْعِقْد . وَإِنَّمَا يُشْتَرَط مُبَايَعَة مَنْ تَيَسَّرَ إِجْمَاعهمْ مِنْ الْعُلَمَاء وَالرُّؤَسَاء وَوُجُوه النَّاس".

'উলামায়ে কেরাম এ ব্যাপারে একমত হয়েছেন যে, বায়আত সঠিক হওয়ার জন্য পৃথিবীর সকল মানুষের বায়আত জরুরী নয় এবং পৃথিবীর সকল সুধীজন ও চিন্তাশীলদের বায়আতও জরুরি নয়; বরং ঐ সকল আলেম, নেতৃবৃন্দ এবং সম্মানিত লোকদের বায়আত শর্ত যাদের একত্র হয়ে বায়আত দেওয়া সহজ ও সম্ভব।'[৩৮]

---

[৩৭] মুসলিম: ৪৯১১

[৩৮] শরহুন নববী আলা মুসিলিম: ৬/২০৯

আসলে এই উক্তিটিও তো ঐ সকল লোকদের বিরুদ্ধে দলীল যারা মনে করে অল্প সংখক লোকের বায়আত জায়েয। কারণ-

ক. কেউই তো পৃথিবীর সকল মানুষ অথবা সকল আলেমদের একত্র হওয়ার শর্ত করেন নি; বরং সবাই জমহুরদের ঐক্যমতকে শর্ত বলেছেন।

খ. বর্তমানে বায়াতের শর্ত হল সারা দুনিয়ার যে সকল আলেম, নেতা ও সম্মানিত ব্যক্তি ঐক্যমত পোষণ করতে সক্ষম তাদের সকলের ইজমা। আর এটা জানা কথা যে, বর্তমানে মাত্র কয়েক সেকেন্ডেই পৃথিবীর সকল আলেমের যোগাযোগ করা সম্ভব।

গ. ইমাম নববী রহ. ঐ সকল আলেম, নেতা ও সম্মানিত ব্যক্তিদের ইজমাকে শর্ত বলেছেন যারা সহজে একত্র হতে পারেন। তবে তিনিও অপরিচিত নাম ঠিকানা কিছুই জানা যায় না এমন লোকের বায়াতের কথা বলেন নি।

সংশয় ৩. কেউ যদি কাউকে অযোগ্য মনে করে তাকে বায়আত না দেয় তাহলে সে কি গুনাহগার হবে?

স্বভাবতই এর উত্তর না বাচক হবে। এর দলীল অনেক সাহাবায়ে কেরামের আমল। যেমন, হুসাইন রাযি., ইবনে যুবাইর ও আব্দুর রহমান ইবনে আবু বকর রাযি. এরা কেউই ইয়াযিদ ইবনে মুয়াবিয়াকে বায়আত দেননি। আবু নুআইম রহ. উরওয়া ইবনে যুবাইর রহ থেকে বর্ণনা করেন,

"تثاقل عبد الله بن الزبير عن طاعة يزيد بن معاوية، وأظهر شتمه. فبلغ ذلك يزيد، فأقسم لا يؤتى به إليه إلا مغلولا، وإلا أرسل إليه. فقيل لا بن الزبير: ألا نصنع لك أغلالا من فضة تلبس عليها الثوب و تبر قسمه. فالصلح أجمل لك؟ قال: فلا أبر والله قسمه".

ইবনে যুবায়ের রাযি. ইয়াজিদের আনুগত্য মেনে নিতে অপারগতা প্রকাশ করলেন এবং প্রকাশ্যে ইয়াজিদের সমালোচনা করলেন। তখন এ সংবাদ ইয়াজিদের নিকট পৌঁছলে সে কসম করল যে, হয়তো তাকে (যুবায়েরকে) বেড়ি পরিয়ে তার কাছে (ইয়াজিদের) আনা হবে অথবা, সে (যুবায়ের) তার (ইয়াজিদের) কাছে সন্ধি চুক্তি পাঠাবে। তখন ইবনে যুবায়ের রাযি. কে বলা হল, আমরা আপনার জন্য রুপার খাঁচা বানাবো। আপনি সেখানে কাপড় পরিবর্তন করবেন আর তাকে কসম থেকে মুক্তি দিবেন। (কিন্তু আমাদের মনে হয়) আপনার জন্য সন্ধি চুক্তিই উত্তম। অতঃপর তিনি বললেন, আল্লাহর শপথ আমি তাকে কসম থেকে মুক্ত করব না। অতঃপর বললেন,

"ولا ألين لغير الحق أسأله حتى يلين لضرس الماضغ الحجر".

'প্রয়োজনে পাথর চিবিয়ে চূর্ণ করতেও রাজি আছি; কিন্তু হকের সামনে মাথা নত করতে রাজি নই।'

"ثم قال: والله لضربة بسيف في عز أحب إلي من ضربة بسوط في ذل. ثم دعا إلى نفسه، وأظهر الخلاف ليزيد بن معاوية".

'অতঃপর তিনি বলেন, আল্লাহর কসম! লাঞ্ছিত হয়ে চাবুকের আঘাতের চেয়ে সম্মানের সাথে তরবারীর আঘাত আমার কাছে অনেক প্রিয়। এরপর ইয়াজিদ ইবনে মুআবিয়ার খিলাফাত প্রত্যাখ্যান করে নিজের বায়াতের দিকে মানুষদের আহ্বান করলেন।'[৩৯]

ইমাম ঈসমাইলী রহ. বর্ণনা করেন,

"فَأَرَادَ مُعَاوِيَة أَنْ يَسْتَخْلِف يَزِيد - يَعْنِي اِبْنه - فَكَتَبَ إِلَى مَرْوَان بِذَلِكَ . فَجَمَعَ مَرْوَان النَّاس فَخَطَبَهُمْ ، فَذَكَر يَزِيد ، وَدَعَا إِلَى بَيْعَته وَقَالَ : إِنَّ اللَّه أَرَى أَمِير الْمُؤْمِنِينَ فِي يَزِيد رَأْيًا حَسَنًا ، وَإِنْ يَسْتَخْلِفهُ فَقَدْ اِسْتَخْلَفَ أَبُو بَكْر وَعُمَر.فَقَالَ عَبْد الرَّحْمَن مَا هِيَ إِلَّا هِرَقْلِيَّة".

'মুআবিয়া রাযি. তার ছেলে ইয়াজিদকে খলীফা বানাতে চাইলেন। তাই এ বিষয়টি মারওয়ানকে লিখে পাঠালেন আর মারওয়ান লোকদের জমা করে ভাষণ দিলেন এবং ইয়াজিদের বিষয়টি উল্লেখ করে তাদেরকে তাকে বায়আত দেওয়ার আহ্বান জানালেন এবং বললেন, আল্লাহ তাআলা আমীরুল মুমিনীনকে আয়াজিদ সম্পর্কে ভাল কিছু এলহাম করেছেন। তাই তিনি চাচ্ছেন তাকে পরবর্তী খলিফা নির্ধারণ করতে। কারণ আবু বকরও তো ওমরকে নির্ধারণ করে গেছেন। তখন আব্দুর রহমান বললেন, এটা তো দেখছি হিরাকলিয়ানীতি (বাইযানটাইন)।'[৪০]

ইবনে হাজার রহ. বলেন,

"وأخرج الزبير عن عبد الله بن نافع قال: خطب معاوية فدعا الناس إلى بيعة يزيد، فكلمه الحسين بن علي وابن الزبير وعبد الرحمن بن أبي بكر، فقال له عبد الرحمن: أهرقلية كلما مات قيصرٌ مكانه؟ لا نفعل والله أبداً".

'আব্দুল্লাহ ইবনে নাফে বর্ণনা করে বলেন, এক খুতবায় মুআবিয়া রাযি. ইয়াজিদকে বায়আত দেয়ার জন্য লোকদের আহ্বান করলেন। অতঃপর হুসাইন ইবনে আলী, আব্দুল্লাহ ইবনে যুবায়ের ও আব্দুর রহমান ইবনে আবু বকর রাযি. তাঁর সাথে বিষয়টি নিয়ে আলোচনা করলেন। তখন আব্দুর রহমান তাঁকে বললেন, এটা তো দেখছি হিরাকলিয়া! এক সম্রাটের মৃত্যুর পর অন্য সম্রাট তার

---

[৩৯] মাআরেফুস সাহাবাহ, আবু নুআইম: ১১/৪৬১
[৪০] ফতহুল বারী: ২৩/৩৯২

স্থলাভিষিক্ত হয়। আল্লাহর কসম! আমরা কখনই এটা করবো না (অর্থাৎ তাকে বায়আত দিব না)।'[৪১]

হুসাইন ইবনে আলী এবং আব্দুল্লাহ ইবনে যুবায়ের রাযি. শুধু মাত্র ইয়াজিদের বায়আতকেই প্রত্যাখ্যান করেন নি; বরং তারা প্রত্যেকেই একজনের পর অন্যজন নিজেকে বায়আত দেয়ার জন্য আহ্বান করেছেন। কারণ ইয়াজিদের ক্ষমতা ছিল অবৈধ। অন্য দিকে মুসলমানদের জন্য একজন খলীফার প্রয়োজন ছিল। আর উম্মাহর জমহুর অংশটি তাদেরকেই গ্রহণ করে নিবে। ইয়াজিদ বলপ্রয়োগ করার পূর্বে মানুষ তাকে বায়আত দেয় নি; বরং তাকে নিয়োগের পূর্বেই শাম, হিজাজসহ কিছু অঞ্চল থেকে তার জন্য বায়আত নেয়া হয়েছিল।

এখানে একটি বিষয় স্পষ্ট করে নিচ্ছি। তাহল, সায়্যিদিনা হুসাইন রাযি. সায়্যিদিনা মুআবিয়া রাযি. এর সাথে কৃত অঙ্গীকার ও বায়আত ভঙ্গ করেন নি; বরং তিনি হাসান রাযি. কর্তৃক সায়্যিদিনা মুআবিয়া রাযি. এর সাথে কৃত চুক্তি পালন করে গেছেন। অথচ এ ব্যাপারে তাঁর অসম্মতি ছিল। তিনি মুআবিয়া রাযি. এর সাথে যুদ্ধ চালিয়ে যাওয়ার পক্ষে ছিলেন। তা সত্ত্বেও তিনি তার ও তার ভাই হাসান রাযি. এবং সকল মুসলমানের চুক্তি রক্ষা করেছেন। কারণ, তিনি দেখেছেন মুআবিয়া রাযি. শরীয়ত অনুযায়ী শাসনকার্য পরিচালনা করছেন। তাঁর খিলাফাহও মুসলমানদের ইজমার ভিত্তিতে প্রতিষ্ঠিত হয়েছে।

হুসাইন রাযি. মুআবিয়া রাযি. এর ইন্তেকালের আগ পর্যন্ত নিজের দিকে বায়াতের আহ্বান করেননি; বরং তাঁর ইন্তেকালের পরে করেছেন। কারণ, ইয়াজিদের খিলাফাহ ছিল শরীয়ত বিরোধী। কেননা, তা শুরার ভিত্তিতে গঠিত হয়নি এবং জমহুরগণ তাকে খিলাফতের অযোগ্য মনে করতেন।

সংশয় ৪. খিলাফতের পদ শূন্য থাকা অবস্থায় যদি কোন অযোগ্য লোক নিজেকে এই বলে খলীফা দাবী করে যে, 'কোন খলীফা না থাকার চেয়ে একজন খলীফা থাকাতো ভাল'। তাহলে করণীয় কী? আমরা কি তাকে খলীফা হিসেবে মেনে নিব? অথচ মুসলমানদের এমন অনেক আমীর আছেন যারা জিহাদ করেন, শরীয়ত অনুযায়ী বিচারকার্য পরিচালনা করেন এবং 'আমর বিল মারুফ নাহী আনিল মুনকার' করেন এবং সম্মিলিত ভাবে ধীরে ধীরে 'খিলাফাহ আলা মিনহাজিন নুবুওয়ার' দিকে এগিয়ে যাচ্ছেন।

উত্তরঃ না। আসলে এমন সন্দেহ তো হুসাইন রাযি., আব্দুল্লাহ ইবনে যুবায়ের এবং আব্দুর রহমান ইবনে আবু বকর রাযি. এরও জাগেনি। কেননা, যখন সায়্যিদিনা মুআবিয়া রাযি. ইন্তেকাল করলেন এবং খিলাফতের পদ শূন্য হল তখন

---

[৪১] আল আসহাব: ৪/৩২৭

তাঁরা ইয়াজিদের শাসন প্রত্যাখ্যান করেছেন। তাঁরা এ কথা বলেননি যে, এখন যেহেতু কোন খলীফা নেই তাই আমাদের জন্য ইয়াজিদের খিলাফাহ মেনে নেওয়াই উত্তম। বরং হুসাইন রাযি. এবং আব্দুল্লাহ ইবনে যুবায়ের রাযি. পর্যায়ক্রমে ইয়াজিদ থাকা অবস্থায়ই নিজের বায়াতের দিকে আহ্বান করেছেন। কিন্তু বিষয়টি পূর্ণ হওয়ার পূর্বেই হুসাইন রাযি. শাহাদাত বরণ করেছেন। অতঃপর আব্দুল্লাহ ইবনে যুবায়ের রাযি. এর জন্য তা পরিপূর্ণ হয়। সব এলাকা থেকে বায়াতের পর উলামায়ে কেরাম তাকে শরয়ী খলীফা হিসেবে গণ্য করেন।
তাছাড়া আমরা তো আর বায়আতহীন অবস্থায় নেই; রবং আমাদের এবং বাগদাদী ও তাঁর সঙ্গীদের স্কন্ধের উপরও তো ইমারতে ইসলামির বায়আত রয়েছে। কিন্তু বাগদাদী ও তার সঙ্গীরা তা ভঙ্গ করেছে। আর আল্লাহর ইচ্ছায় আমরা তা পূর্ণ করে চলেছি।

বড় কথা হল, আমরা তো আর 'খিলাফাহ আলা মিনহাজিন নবুওয়াহ' প্রতিষ্ঠা করা থেকে গাফেল হয়ে বসে রইনি; বরং আমরা এবং সকল মুজাহিদরা খিলাফাহ প্রতিষ্ঠার দিকে এগিয়ে যাচ্ছি। (কিভাবে এগুচ্ছি এ নিয়ে ইনশাআল্লাহ সামনে আলোচনা করবো) তবে আমরা চাই 'খিলাফাহ আলা মিনহাজিন নবুওয়াহ'। আমরা রাজতন্ত্র, বলপ্রয়োগ ও জুলুমের শাসন চাই না।

সংশয় ৫. কোন অযোগ্য লোক যদি নিজেকে খলীফা হিসেবে ঘোষণা করে বসে, আর কেউ যদি তাকে বায়আত না দেয় তাহলে কি সে হাদীসে বর্ণিত এ ধমকির উপযুক্ত হবে? রাসূল সা. বলেন,

"من مات وليس في عنقه بيعة مات ميتة جاهلية".

'কেউ মৃত্যুবরণ করল অথচ তার কাধে বায়আত নেই; তাহলে সে জাহিলি অবস্থায় মৃত্যু বরণ করল।'

উত্তরঃ না। সে এই ধমকির উপযুক্ত হবে না। এ বিষয়ে আলোচনা করার পূর্বে এই হাদীসেরই আরও কিছু বর্ণনা উল্লেখ করছি। ইমাম বুখারী রহ. ইবনে আব্বাস রাযি. থেকে বর্ণনা করেন,

"ان النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ رَأَى مِنْ أَمِيرِهِ شَيْئًا يَكْرَهُهُ فَلْيَصْبِرْ عَلَيْهِ فَإِنَّهُ مَنْ فَارَقَ الْجَمَاعَةَ شِبْرًا فَمَاتَ إِلَّا مَاتَ مِيتَةً جَاهِلِيَّةً".

'কেউ যদি তার আমীরের মধ্যে অপছন্দনীয় কিছু লক্ষ করে।; তাহলে সে যেন এ ব্যাপারে ধৈর্যধারণ করে। কেউ যদি জামাত থেকে এক বিঘত পরিমাণ বিচ্ছিন্ন হয়েও মৃত্যু বরণ করে তাহলে সে জাহেলী অবস্থায় মৃত্যুবরণ করল।'[৪২]

---

[৪২] বুখারী: ৬৫৩১

ইমাম মুসলিম রহ. ইবনে ওমর রাযি. থেকে বর্ণনা করেন,

"من خلع يداً من طاعة لقي الله يوم القيامة لا حجة له ومن مات وليس في عنقه بيعة مات مينة جاهلية".

'কেউ আনুগত্যের হাত গুটিয়ে নিলে কিয়ামতের দিন আল্লাহর সাথে সাক্ষাতের সময় তার কোন দলীল থাকবে না। যে ব্যক্তি মৃত্যুবরণ করল অথচ তার উপর কারো বায়আত নেই সে যেন জাহেলী অবস্থায় মৃত্যু বরণ করল।'

